



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশুদ্ধ বন্ধু

কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/ ২৩২

তারিখঃ ২৩.০৮.২০১৭

সকল আঞ্চলিক ব্যবস্থাপক /
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

বিষয়ঃ কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীমের আমানতের সুদ হার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের হিসাব পরিপত্র নং- ০৮/২০১৬ তারিখ ১০.১০.২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পরিপত্রের অনুচ্ছেদ নং ০২(০২) এ বর্ণিত কেবিটিডিএস হিসাবের মেয়াদকাল ও সুদের/লাভের হার এবং ১১(জ) এ বর্ণিত কেবিটিডিএসের বিপরীতে প্রদত্ত ঋণের সুদের হার পুনঃনির্ধারণের বিষয়টি পরিচালনা বোর্ডের ২৫০ তম সভায় নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়, যা এ পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবেঃ

ক্রমিক নং	আমানতের ধরন	বিদ্যমান সুদ হার	পুনঃনির্ধারিত সুদ হার
০১	কেবিটিডিএস (টার্ম ডিপোজিট/ এফডিআর)	ক. ০১ মাস পর্যন্ত-৫.০০%	ক. বন্ধ অর্থাৎ বাতিল
		খ. ০৩ মাস পর্যন্ত-৫.২৫%	খ. ০৩ মাস পর্যন্ত-৪.৫০%
		গ. ০৬ মাস পর্যন্ত-৫.৫০%	গ. ০৬ মাস পর্যন্ত-৪.৭৫%
		ঘ. ০১ বছর পর্যন্ত-৬.০০%	ঘ. ০১ বছর পর্যন্ত-৫.০০%
	কেবিটিডিএস এর বিপরীতে ঋণের সুদ	সংশ্লিষ্ট হিসাবে প্রাপ্ত সুদের অতিরিক্ত ৪% (চক্রবৃদ্ধি)	সংশ্লিষ্ট হিসাবে প্রাপ্ত সুদের অতিরিক্ত ৩% (চক্রবৃদ্ধি)

০৩। উল্লেখ্য, এ পরিপত্র জারীর পূর্ব পর্যন্ত বিদ্যমান কেবিটিডিএসসমূহ মেয়াদপূর্তী পর্যন্ত গ্রাহককে প্রদত্ত রশিদে বর্ণিত সুদের হার অপরিবর্তিত থাকবে অর্থাৎ চুক্তি মোতাবেক হিসাবায়ন হবে। তবে বিদ্যমান কেবিটিডিএস নবায়ন হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। একই ভাবে কেবিটিডিএস এর বিপরীতে বিদ্যমান ঋণের সুদের হার অপরিবর্তিত থাকবে এবং নতুন ঋণ গ্রহণের ক্ষেত্রে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে।

০৪। ব্যাংকের সিটিজেন চার্টার ও লিফলেট বিতরণকালে পুনঃনির্ধারিত সুদের হার সংশোধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৫। পরিপত্রের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(এ বি এম সাফিকুর রহমান)
উপ- মহাব্যবস্থাপক

তারিখঃ ২৩.০৮.২০১৭

পত্র সূত্র নং- কেবি/প্রকা/কেহি-১৪৯/২০১৭-২০১৮/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/হিসাব/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগকে কেবিটিডিএস সংক্রান্ত লিফলেটে পুনঃনির্ধারিত সুদের হার উল্লেখপূর্বক পুনঃমুদ্রণ এবং আইটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়।
- ৬। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। সকল সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ৮। অফিস নথি।

২৩.০৮.২০১৭
(মোহাম্মদ জাকির হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক